

বাংলাদেশী শিক্ষার্থীদের বিশেষ সুবিধা

ব্রাডফোর্ড ভার্শিটির ম্যানেজমেন্টে ডিগ্রী মিলবে দিল্লী থেকে

স্টাফ রিপোর্টার ঃ মুক্তরাঞ্জের ব্রাডফোর্ড বিশ্ববিদ্যালয়ের উচ্চতর-ডিগ্রী মিলবে দিল্লী থেকে! দিল্লীর ইনস্টিটিউট ফর ইন্টিগ্রেটেড লার্নিং ইন ম্যানেজমেন্ট (আইআইএলএম)-এর অধিকর্তা নিহারিকা সফি এখন ঢাকায়। আগামী শুক্রবার পর্যন্ত নিহারিকা বাংলাদেশে অবস্থান করে সীমিত আসনে ভর্তিছদের ইন্টারভিউ নেবেন। বাংলাদেশী ছাত্রছাত্রীদের জন্য আইআইএলএম দু'টি পূর্ণ এবং দু'টি অর্ধ বৃত্তি দেয়া হবে বলে এক প্রেস ব্রিফিংয়ে নিহারিকা

(১১-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

ব্রাডফোর্ড ভার্শিটির (১২-এর পাতার পর)

ঘোষণা করেন। সাধারণ ছাত্রছাত্রীদের বার্ষিক ফিস সাড়ে পাঁচ হাজার ডলার বলে জানানো হয়। দিল্লীর এই উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানটিতে ভর্তিছ বাংলাদেশী শিক্ষার্থীদের ভর্তির ব্যবস্থা করবে ওমনিলিংক নামের একটি প্রতিষ্ঠান। নিহারিকা বা ওমনিলিংকের সঙ্গে ০১৭ ৮৬৯৬৪৬, ০১৭৬৮২১১৫ ও ০১৮২২৪১২৪ নম্বর টেলিফোনে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।

সোমবার ওমনিলিংক কার্যালয়ে আইআইএলএম-এর ডেপুটি ডিরেক্টর নিহারিকা সফি কয়েকজন সাংবাদিককে জানান, ইংল্যান্ডের বনামধ্য ব্রাডফোর্ড বিশ্ববিদ্যালয়ের সহায়তায় একই-কারিকুলামে আইআইএলএম-এর শিক্ষা কার্যক্রম চলছে। ব্রাডফোর্ড এর পরীক্ষা ও সেশনের সমান্তরালে এর শিক্ষা কার্যক্রম চলে। তিনবছরের গ্রাজুয়েশন এবং এক বছরের মাস্টার্স কোর্স সফল সমাপনের পর সমাবর্তনে ব্রাডফোর্ড বিশ্ববিদ্যালয়ের মূল ডাইন চ্যাঞ্চেলরই শিক্ষার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন। চলতি বছরে গ্রাজুয়েশন পর্যায়ে বিজনেস কম্পিউটিং, বিজনেস-এ্যান্ড ম্যানেজমেন্ট স্টাডিজ এবং সফটওয়্যার ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তি করা হচ্ছে। এছাড়া স্নাতকোত্তর পর্যায়ে এমএ মার্কেটিং, এমএ ফাইন্যান্স, এ্যাকাউন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট, এমএ ইন্টারন্যাশনাল বিজনেস এ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি করা হচ্ছে দেশী বিদেশী ছাত্রছাত্রীদের। নিহারিকা জানান, ভবিষ্যতে মিডিয়া এ্যান্ড জার্নালিজম, ফ্যাশন এ্যান্ড টেক্সটাইল, এনভায়রনমেন্ট বিষয়ে উচ্চতর শিক্ষার ব্যবস্থা করা তাঁদের পরিকল্পনার মধ্যে রয়েছে।

ব্রিফিংয়ে জানানো হয়, ১৯৯০ সালে ইনস্টিটিউট ফর ইন্টিগ্রেটেড লার্নিং ইন ম্যানেজমেন্ট প্রতিষ্ঠিত হয়। এটি রাম কৃষ্ণ এ্যান্ড সপ চেরিটেবল ট্রাস্ট-এর একটি অলাভজনক প্রতিষ্ঠান। নয় বছরের মাথায় এটি ভারতের 'এ প্রাস' বিজনেস স্কুল হিসাবে পরিচিতি পেয়েছে। দিল্লী থেকে পঁচিশ মিনিটের দূরত্বে বৃহত্তর নয়েডার পরিবেশদূষণমুক্ত সবুজ বনানীময় 'নলেজ পার্ক' এলাকায় এই ইনস্টিটিউটের অবস্থান। ২০ একর জমিতে ইনস্টিটিউট গড়ে উঠেছে। এখানে আন্তর্জাতিক মানের কম্পিউটার ল্যাব, লাইব্রেরি, প্রতিকক্ষে ইন্টারনেট